

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৩২৮  
আগরতলা, ২২ ডিসেম্বর, ২০২৩

সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ  
সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ

জনজীবনে শান্তি ও নিরাপত্তা রক্ষায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে ভারতীয় ফৌজদারি দণ্ডবিধি ১৯৭৩-এর ১৪৪ ধারায় পশ্চিম ত্রিপুরা জেলার সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করেছেন। এই আদেশ ২০ ডিসেম্বর, ২০২৩ থেকে কার্যকর হয়েছে এবং তা ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। এই সময়ে প্রতিদিন রাত ৮টা থেকে পরের দিন সকাল ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধা সামরিক এবং রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার, সদর ও মোহনপুর মহকুমার মহকুমা শাসকদের জারি করা বৈধ অনুমতি প্রাপ্ত ব্যক্তি, জরুরি সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারি এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তি এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপিসির ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*